

Size = 3 col x 6 inches



The ACME Laboratories Ltd.

Corporate Office: Court de la ACME, 1/4, Kallayanpur, Mirpur Road, Dhaka -1207.
Web: www.acmeglobal.com

অদাবীকৃত/অবন্টিত নগদ লভ্যাংশ এবং অপরিশোধিত পাবলিক সাবস্ক্রিপশনের টাকা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ১৪ জানুয়ারী ২০২১ তারিখের নির্দেশনা নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড) বিধি, ২০২১ অনুসারে নগদ লভ্যাংশের অর্থ এবং পাবলিক সাবস্ক্রিপশনের টাকা যদি লভ্যাংশ ঘোষণা/অনুমোদনের দিন/রেকর্ড ডেট এর তারিখ থেকে ৩(তিন) বছরের অধিক সময় অদাবীকৃত/অবন্টিত/অপরিশোধিত থাকে, তাহলে সেই অর্থ বিএসইসি'র ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিল, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড, কর্পোরেট শাখা, গুলশান-এর Capital Market Stabilization Fund (CMSF) শিরোনামীয় SND A/C No. ০০১০৩১১৫২১৩০১-এ স্থানান্তর করতে হবে।

সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণকে বিগত ২০২১-২০২২ অর্থ বছর এর অদাবীকৃত/অবন্টিত নগদ লভ্যাংশের অপরিশোধিত ডিভিডেন্ট ওয়ারেন্ট আগামী ২৯শে জানুয়ারী ২০২৬ তারিখের মধ্যে কোম্পানীর শেয়ার বিভাগ থেকে সংগ্রহের জন্য অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট শেয়ারহোল্ডার/ বিনিয়োগকারীগণের প্রয়োজনীয় তথ্য বিএসইসি'র বিধি অনুসারে ইতোমধ্যে কোম্পানীর ওয়েবসাইটঃ www.acmeglobal.com এর Investors Corner-Unclaimed Dividend Information লিংকে পাওয়া যাবে।

সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণকে জানানো যাচ্ছে যে, যদি কোম্পানী ২৯শে জানুয়ারী ২০২৬ তারিখের মধ্যে কোন দাবি না পায়, তাহলে বিএসইসি'র নির্দেশনা ও বিধি অনুসারে, শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণের অদাবীকৃত/অবন্টিত নগদ লভ্যাংশ এর অর্থ বিএসইসি'র ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে ৩০শে জানুয়ারী ২০২৬ তারিখের মধ্যে স্থানান্তর করার জন্য কোম্পানী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

এতদসংশ্লিষ্ট যে কোন প্রয়োজনে সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ +৮৮ ০১৭১৩৪৩৩৯০০, +৮৮ ০১৭৭৭৬৫২৩৩, ০২ ৮০৯১০৫১-৩ (Ex.-৪৩৯/২৩৬/২১৯) নাম্বারে যোগাযোগ করতে পারেন অথবা কোম্পানীর শেয়ার বিভাগের ই-মেইল cs@acmeglobal.com; ঠিকানায় মেইল করতে পারেন।

দি একমি ল্যাবরেটরিজ লিঃ এর পক্ষে

তারিখ : ঢাকা

৩০ শে ডিসেম্বর ২০২৫।

মাসুদুর রহমান ভূঁইয়া, এফ.সি.এস
কোম্পানী সেক্রেটারী